

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
প্রশাসন শাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০০.০০০০.০০৮.১১.০০২.১৮-৯৫১

তারিখঃ ১৭ আষাঢ় ১৪২৬
০১ জুলাই ২০১৯

নিয়োগপত্র

সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের রাজস্ব খাতের গ্রেড-১৩ ভুক্ত 'সাঁট-মুদ্রাঙ্করিক-কাম-কম্পিউটার অপারেটর' পদে জাতীয় বেতনস্কেল ২০১৫ এর ১১০০০-২৬৫৯০/- টাকা বেতনস্কেলে এবং সরকার কর্তৃক প্রদত্ত অন্যান্য ভাতাদিসহ নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে সম্পূর্ণ অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হল (মেধাক্রম অনুযায়ী নয়):

ক্রম	রোল নম্বর	প্রার্থী এবং মাতা ও পিতার নাম	স্থায়ী ঠিকানা
০১.	১০৬৯৯	নামঃ রউফুন নাহার মাতাঃ শাহীদা বেগম পিতাঃ শেখ বজলুর রশীদ	গ্রামঃ তালুকফলগাছা, ডাকঘরঃ মতিনপুর উপজেলাঃ সুন্দরগঞ্জ, জেলাঃ গাইবান্ধা
০২.	১০৭৮৭	নামঃ পাখি আক্তার মাতাঃ আলিয়া বেগম পিতাঃ মৃতঃ জোনাব আলী ফরাজী	গ্রামঃ তালগাছিয়া, ডাকঘরঃ তালগাছিয়া হাই স্কুল উপজেলাঃ বেতাগী, জেলাঃ বরগুনা
০৩.	১০৯১১	নামঃ মোঃ আসিফ ইরতেজা মাতাঃ মোছাঃ পরিলা বেগম পিতাঃ মোঃ আব্দুল হামিদ আকন্দ	গ্রামঃ চকনলুয়া, ডাকঘরঃ ভাঙ্গাবাড়ী উপজেলাঃ বেলকুচি, জেলাঃ সিরাজগঞ্জ
০৪.	১০৯৭৯	নামঃ মোঃ নজরুল ইসলাম মাতাঃ মৃত আছিয়া খাতুন পিতাঃ মোঃ সামছুর রহমান	গ্রামঃ সাগরদাঁড়ি, ডাকঘরঃ সাগরদাঁড়ি উপজেলাঃ কেশবপুর, জেলাঃ যশোর
০৫.	১১২৩৬	নামঃ আবু আল জিন্নাহ মাতাঃ সুফিয়া বেগম পিতাঃ আয়নাল হক	গ্রামঃ পুরান পয়লা, ডাকঘরঃ তেওতা উপজেলাঃ শিবালয়, জেলাঃ মানিকগঞ্জ
০৬.	১১২৪৮	নামঃ বাসু রাম দে মাতাঃ রাধিকা দে পিতাঃ খোকন চন্দ্র দে	গ্রামঃ পুটিবিলা কায়স্থ পাড়া, ডাকঘরঃ গোরকঘাটা উপজেলাঃ মহেশখালী, জেলাঃ কক্সবাজার
০৭.	১১৩৬৯	নামঃ ইমরানুল হক মাতাঃ মোছাঃ জিন্নাতুল নেসা পিতাঃ মোঃ মোজাম্মেল হক	গ্রামঃ বীর কাশিম নগর, ডাকঘরঃ বীর কাশিম নগর উপজেলাঃ কুলিয়ারচর, জেলাঃ কিশোরগঞ্জ

শর্তাবলি:

- ১) নিয়োগপ্রাপ্ত কেহ বিদেশী কোন নাগরিককে বিবাহ করে থাকলে অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- ২) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশকালে চাকরিতে বহাল রাখা অনুযোগী বলে বিবেচিত হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই তাঁকে চাকরিচ্যুত করা যাবে অথবা প্রয়োজনে শিক্ষানবিশকাল বৃদ্ধি করা যাবে;
- ৩) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের পূর্ব কার্যকলাপ এবং স্থায়ী ঠিকানা সম্পর্কে পুলিশী তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণের স্থায়ী ঠিকানা সম্পর্কে কোন প্রকার গড়মিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকেই এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

- ৪) নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ'কে যোগদানের সময় নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক সুস্থতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন;
- ৫) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে এ নিয়োগ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা ও সরকার কর্তৃক নির্ধারিত এবং সময়ে সময়ে জারীকৃত বিধি-বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- ৬) চাকরিতে নিয়োগপ্রাপ্তদের জ্যেষ্ঠতা সংশ্লিষ্ট বিধি মোতাবেক নির্ধারিত হবে;
- ৭) যোগদানের সময় প্রবেশপত্রের মূলকপি ও সকল সনদপত্রের মূলকপি জমা প্রদান করতে হবে। মুক্তিযোদ্ধা কোটায় নির্বাচিত প্রার্থীদের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ পরিপত্র/নির্দেশনা অনুযায়ী কোটা সংশ্লিষ্ট সকল সনদসহ অন্যান্য কাগজপত্রাদির মূলকপি জমা প্রদান করতে হবে এবং তথ্যাদি সঠিক পাওয়া না গেলে এ নিয়োগ বাতিল করা হবে;
- ৮) শিক্ষানবিশকালে যেকোন সময় কোন কারণ দর্শানো ব্যক্তিরেকে ১৫ (পনের) দিনের নোটিশে চাকরি হতে বরখাস্ত/অপসারণ করা যাবে। অনুরূপভাবে চাকরি পরিত্যাগ করলে ০৭ (সাত) দিন পূর্বে ইস্তফাপত্র দাখিল করতে হবে এবং ১৫ (পনের) দিনের মূলবেতনের সমপরিমাণ টাকা সরকারি খাতে জমা দিতে হবে;
- ৯) চাকরিতে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০২। উপরিউক্ত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী ১৪ জুলাই ২০১৯ তারিখ রবিবার যুগাসচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে বিষয়টি সংশ্লিষ্ট ব্যক্তির অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

স্বাঃ
(ড. মোঃ কামরুল আহসান)
যুগাসচিব (প্রশাসন)
ফোন: ৯৫১৪৮৮৬

নং-৩৫.০০.০০০০.০০৮.১১.০০২.১৮-৯৫১

তারিখঃ ১৭ আষাঢ় ১৪২৬
০১ জুলাই ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ।
- ৮। জনাব/বেগম.....।
- ৯। অফিস কপি/মাস্টার কপি/ব্যক্তিগত নথি/সার্ভিস বহি কপি।

০১/০৭/২০১৯
(ড. মোঃ কামরুল আহসান)